

হজযাত্রীদের টিকিট নিশ্চিত করতে ৩ এয়ারলাইন্সকে নির্দেশ

- A Monitor Desk Report

Date: 19 January, 2026



ধর্ম মন্ত্রণালয়

ঢাকাঃ ২০২৬ সালের হজ ব্যবস্থাপনা সুষ্ঠু ও সময়মতো সম্পন্ন করতে আজ সোমবারের (১৯ জানুয়ারি) মধ্যে হজযাত্রীদের উড়োজাহাজের টিকিট নিশ্চিত করার নির্দেশ দিয়ে তিনটি এয়ারলাইন্সকে চিঠি পাঠিয়েছে ধর্মবিষয়ক মন্ত্রণালয়।

রবিবার (১৮ জানুয়ারি) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদি এয়ারলাইন্স ও ফ্লাইনাস এয়ারলাইন্সের কাছে এ চিঠি পাঠানো হয়।

চিঠিতে জানানো হয়, সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় ঘোষিত রোডম্যাপ অনুযায়ী, আগামী ১ ফেব্রুয়ারির মধ্যে হজযাত্রীদের জন্য মক্কা ও মদিনায় বাড়ি ভাড়া চুক্তি সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে জেনারেল অথরিটি অব সিভিল অ্যাভিয়েশন (জিএসিএ) এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) অনুমোদিত ফ্লাইট শিডিউল ইতোমধ্যে এয়ারলাইন্সগুলোর হজ পোর্টালে আপলোড করা হয়েছে।

এ অবস্থায় হজ এজেন্সিগুলো বাড়ি ভাড়া চুক্তির প্রয়োজনে এয়ারলাইন্সগুলোর কাছে উড়োজাহাজের টিকিটের চাহিদা বা রিকোয়েস্ট দাখিল করছে। এসব রিকোয়েস্ট দ্রুততম সময়ে নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট তিনটি এয়ারলাইন্সকে নির্দেশ দেওয়া হয়েছে।

সৌদি সরকারের নির্দেশনা অনুযায়ী, একই সার্ভিস কোম্পানির হজযাত্রীদের একই ফ্লাইটে সৌদি আরবে যাতায়াত করতে হবে। প্রি-হজ ফ্লাইটের মধ্যবর্তী সময়ে একটি এজেন্সির মোট হজযাত্রীর কমপক্ষে ২০ শতাংশ এবং প্রথম ও শেষ ধাপে ৩০ থেকে ৫০ শতাংশ টিকিট ইস্যুর বিধান রয়েছে। তবে, কোনো ধাপে ৩০ শতাংশের কম বা ৫০ শতাংশের বেশি টিকিট ইস্যু করা যাবে না।

চিঠিতে আরও বলা হয়, বিশেষ করে হজযাত্রীদের মদিনায় বাড়ি ভাড়া চুক্তি সম্পন্ন করতে এয়ারলাইন্সগুলোকে পারস্পরিক সমঝের মাধ্যমে সোমবারের মধ্যে টিকিট নিশ্চিত করে মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট এজেন্সিকে অবহিত করতে হবে। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতীব জরুরি বলে উল্লেখ করা হয়েছে।

